



স্কুল ভর্তিতে লটারি পদ্ধতি বাদ দিল সরকার



সংগৃহীত ছবি

দেশের সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি আর লটারির মাধ্যমে হবে না। এখন থেকে শিক্ষার্থীদের ভর্তি হতে হবে পরীক্ষার ভিত্তিতে।

সোমবার (১৬ মার্চ) বিকেলে শিক্ষা মন্ত্রণালয়-এর সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান শিক্ষামন্ত্রী আন ম এছানুল হক মিলন।

সংবাদ সম্মেলনে মন্ত্রী বলেন, লটারি পদ্ধতি শিক্ষার্থীদের যোগ্যতা যাচাইয়ের উপযুক্ত উপায় নয়। গবেষণা ও পর্যালোচনার ভিত্তিতেই ভর্তি পরীক্ষা পুনর্বহালের উদ্যোগ নেওয়া হয়েছে। পরীক্ষার ধরন ও পদ্ধতি কী হবে, সে বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে।

প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত ভর্তি পরীক্ষার কারণে কোচিং নির্ভরতা বাড়বে না বলেও মনে করেন শিক্ষামন্ত্রী। তার ভাষ্য, শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক প্রস্তুতির ব্যবস্থাই বেশি কার্যকর হবে।

LENS ASIA